"সেবার মাধ্যমে এগিয়ে
যাওয়াই প্রকৃত কল্যাণ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড**
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা।
www.wewb.gov.bd

বিষয়: ২০ নভেম্বর ২০২৩ তারিখে অনুষ্ঠিত জাতীয় শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ হামিদুর রহমান<br>মহাপরিচালক (অতিরিক্ত সচিব) |
| তারিখ | : | ২০ নভেম্বর, ২০২৩ |
| সময় | : | ১১.০০ টা |
| স্থান | : | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের সম্মেলন কক্ষ (লেভেল-১০)। |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট "ক" তে দ্রষ্টব্য।

১. সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২৪ এর দ্বিতীয় কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর) বাস্তবায়ন অগ্রগতির উপর আলোচনা করে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| প্রাতিষ্ঠানিক ব্যবস্থা: | | | |
| সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা সূচক ১.৩.১ অনুসারে ''সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা'' ডিসেম্বর/২০২৩ এর মধ্যে ওয়েলফেয়ার সেন্টার, ডিইএমও, সাংবাদিক, সেবাগ্রহণকারী, বিএমইটি, প্রবাসী কল্যাণ ব্যাংক ও বোয়েসেল এর প্রতিনিধিদের নিয়ে বোর্ডের কার্যক্রম অবহিতকরণ ও মতবিনিময়সভা আয়োজনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। কমিটির সভাপতি সভার প্রাপ্ত মতামত যথাযথভাবে লিপিবদ্ধ করে রাখার নির্দেশনা প্রদান করেন। | ডিসেম্বর/২০২৩ মাসের মধ্যে অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা আয়োজনের করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ফোকাল পয়েন্ট জাতীয় শুদ্ধাচার কমিটি |
| শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ/মতবিনিময় সভা আয়োজন | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা সূচক ১.৪.১ অনুযায়ী ''শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন'' ডিসেম্বর/২০২৩ এর মধ্যে লক্ষ্যমাত্রা অনুযায়ী বোর্ডের ৩০জন কর্মকর্তা-কর্মচারীকে শুদ্ধাচারের ধারণা, শুদ্ধাচারের লক্ষ্যে প্রতিষ্ঠিত আইনকানুন ও নিয়মনীতি এবং গৃহীত পদক্ষেপ, জাতীয় শুদ্ধাচার কৌশলের যৌক্তিক ভিত্তি, জাতীয় শুদ্ধাচার ব্যবস্থা ও রুপকল্প ও অভিলক্ষ্য ও বাস্তবায়ন ব্যবস্থা, পরিবীক্ষণ ও পর্যালোচনা সম্পর্কে বিস্তারিত ধারণা প্রদানের বিষয়ে আলোচনা হয়। | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন ডিসেম্বর/২০২৩ এর মধ্যে লক্ষ্যমাত্রা অনুযায়ী বোর্ডের ৩০জন কর্মকর্তা-কর্মচারীদের সমন্বয়ে আয়োজন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ফোকাল পয়েন্ট জাতীয় শুদ্ধাচার কমিটি |
| কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/ পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা ইত্যাদি) | সূচক ১.৫.১ ''কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/ পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা ইত্যাদি)'' অনুযায়ী পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধির লক্ষ্যে ৩১-১২-২০২৩ তারিখের মধ্যে কর্ম-পরিবেশ উন্নয়নের জন্য অফিস আঙ্গিনায় ডাস্টবিন স্থাপনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধির লক্ষ্যে ৩১-১২-২০২৩ তারিখের মধ্যে কর্ম-পরিবেশ উন্নয়নের জন্য অফিস আঙ্গিনায় ডাস্টবিন স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |
| আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন: | | | |
| অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের) | সূচক ২.২.১ অনুযায়ী অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের) লক্ষ্যমাত্রা অনুযায়ী ২য় কোয়ার্টারে ৪০% (ক্রমানুযায়ী) যথাযথ বাস্তবায়নের বিষয়ে বিস্তারিত আলোচনা হয় যা বোর্ডে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এর লক্ষ্যমাত্রা অর্জনে সহায়ক হবে। যদি লক্ষ্যমাত্রা অনুযায়ী অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন করা না হয় তবে **NIS** এর বার্ষিক অর্জন ব্যাঘাত ঘটবে। | বার্ষিক ক্রয় পরিকল্পনা (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের) লক্ষ্যমাত্রা অনুযায়ী ২য় কোয়ার্টারে ৪০% (ক্রমানুযায়ী) যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে পরিচালকদ্বয়কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) এবং প্রকল্প পরিচালক, RAISE |

| | | | |
|---|---|---|---|
| বাজেট বাস্তবায়ন | সূচক ২.৩.১ অনুযায়ী ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের অনুমোদিত বাজেট লক্ষ্যমাত্রা অনুযায়ী ২য় কোয়ার্টারে ৪০% (ক্রমানুযায়ী)যথাযথ বাস্তবায়নের বিষয়ে বিস্তারিত আলোচনা হয় যা বোর্ডে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এর লক্ষ্যমাত্রা অর্জনে সহায়ক হবে। যদি লক্ষ্যমাত্রা অনুযায়ী বাজেট বাস্তবায়ন করা না হয় তবে **NIS** এর বার্ষিক অর্জন ব্যাঘাত ঘটবে। | বোর্ডের অনুমোদিত বাজেট লক্ষ্যমাত্রা অনুযায়ী ২য় কোয়ার্টারে ৪০% (ক্রমানুযায়ী) যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে পরিচালক (অর্থ ও কল্যাণ)-কে বাজেট বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয় | পরিচালক (অর্থ ও কল্যাণ) |
| প্রকল্পের PIC সভা আয়োজন | আর্থিক ব্যবস্থাপনা উন্নয়নের লক্ষ্যে সূচক ২.৪.১অনুযায়ী ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের অনুমোদিত RAISE প্রকল্পের **১**টি PIC সভা ২য় কোয়ার্টারে**র** মধ্যে আয়োজন করে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালককে সভার কার্যবিবরণী বোর্ডে প্রেরণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | বোর্ডের অনুমোদিত RAISE প্রকল্পের **১**টি PIC সভা ২য় কোয়ার্টারে**র** মধ্যে আয়োজন করে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালককে সভার কার্যবিবরণী বোর্ডে প্রেরণের জন্য বলা হয়। | প্রকল্প পরিচালক, RAISE |
| শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম: | | | |
| শিক্ষাবৃত্তির আবেদন অনলাইনে গ্রহণ | শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম গ্রহণের লক্ষ্যে প্রবাসী কর্মীর সন্তানদের শিক্ষাবৃত্তির আবেদন ১০০% অনলাইনে গ্রহণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | প্রবাসী কর্মীর সন্তানদের শিক্ষাবৃত্তির আবেদন ১০০% অনলাইনে (http://stipen.wewb.gov.bd/stipend/#/)গ্রহণ করার সিদ্ধান্ত হয়। | পরিচালক (আইআরপি) |
| প্রবাসী কর্মীর সাময়িক অবস্থানের জন্য ''বঙ্গবন্ধু ওয়েজ আর্নার্স সেন্টারে'' অনলাইনে বুকিং সফটওয়্যার চালুকরণ | লক্ষ্যমাত্রা অনুযায়ী ৩১-১২-২০২৩ তারিখের মধ্যে প্রবাসী কর্মীর সাময়িক অবস্থানের জন্য ''বঙ্গবন্ধু ওয়েজ আর্নার্স সেন্টারে'' অনলাইনে বুকিং সফটওয়্যার চালুকরণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | প্রবাসী কর্মীর সাময়িক অবস্থানের জন্য "বঙ্গবন্ধু ওয়েজ আর্নার্স সেন্টারে" অনলাইনে (http://bwec.wewb.gov.bd/wewb-centre/booking/search) বুকিং সফটওয়্যার চালু করা হয়েছে। | পরিচালক (আইআরপি) |
| মৃত প্রবাসী কর্মীর ক্ষতিপুরণ আদায়ে লিগ্যাল সেল এর মাধ্যমে **"ক্ষমতাপত্র"** তৈরীর সহায়তা প্রদান | শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম মধ্যে বোর্ডের আরেকটি কার্যক্রম হচ্ছে মৃত প্রবাসী কর্মীর ক্ষতিপুরণ আদায়ে লিগ্যাল সেল এর মাধ্যমে **"ক্ষমতাপত্র"** তৈরীর সহায়তা প্রদান যা প্রাপ্ত সকল আবেদন ১০০% যথা সময়ে বাস্তবায়নের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সেবা কার্যক্রমটি যাতে আন্তরিক ও গুরুত্বসহ করা হয় সে বিষয়ে পরিচালক (অর্থ ও কল্যাণ) তদারকির জন্য মতামত প্রদান করেন।<br>গত অক্টোবর থেকে এখন পর্যন্ত ২৭ জনের ক্ষমতাপত্র প্রস্তুত করা হয়েছে মর্মে উল্লেখ করা হয়। | মৃত প্রবাসী কর্মীর ক্ষতিপুরণ আদায়ে লিগ্যাল সেল এর মাধ্যমে **"ক্ষমতাপত্র"** তৈরীর জন্য প্রাপ্ত সকল আবেদন দ্রুততম সময়ে নিষ্পত্তির সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (অর্থ ও কল্যাণ) |

২. আর কোনো আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

২৫।০১।২৩

মোঃ হামিদুর রহমান
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ও
সভাপতি
জাতীয় শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি

অনুলিপি: সদয় অবগতি/কার্যার্থে

১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
২। পরিচালক (সকল),ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৩। প্রকল্প পরিচালক, RAISE, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৪। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৫। অফিস নথি/২০২৩।